গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bppa.gov.bd

নং:-২১.০০.০০০০.৩৬৩.২২.০৩০.২৪-৫১

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

# পরিপত্র

**বিষয়: ই-জিপি'র পরিবর্তে অফলাইনে দরপত্র প্রক্রিয়া করার ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনাবলী।**

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিআর, ২০০৬)-এর ধারা ৬৫ অনুযায়ী ই-জিপি পোর্টালে প্রক্রিয়াযোগ্য সকল সরকারি ক্রয় ইলেক্ট্রনিক পরিচালন পদ্ধতিতে সম্পন্ন করতে হবে এবং ব্যতিক্রমী ক্ষেত্রে ইলেক্ট্রনিক পরিচালন পদ্ধতিতে কোন ক্রয়কারী ক্রয় প্রক্রিয়াকরণে অসমর্থ হলে বিপিপিএ-এর পূর্বানুমোদন গ্রহণ করতে হবে মর্মে উল্লেখ রয়েছে। আইনের বর্ণিত ধারার ধারাবাহিকতায় পিপিআর, ২০২৫-এর বিধি ১৫০(১)-এ নিম্নরূপ বিধান রয়েছে:

> "**১৫০।-ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে সরকারি ক্রয়।** (১) আইনের উদ্দেশ্য পূরণকল্পে, এই আইনের অধীন ই-জিপি পোর্টালে প্রক্রিয়াযোগ্য সকল সরকারি ক্রয় সরকার কর্তৃক নির্ধারিত নীতিমালা অনুসরণ করিয়া ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে সম্পন্ন করিতে হইবে এবং ব্যতিক্রমী ক্ষেত্রে, ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে কোনো ক্রয়কারী ক্রয় প্রক্রিয়াকরণে অসমর্থ হইলে বিপিপিএ-এর পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে:
>
> তবে শর্ত থাকে যে, বিধি ২৫ (১৪)-এর নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে কোনো ক্রয়কারীর ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে ক্রয় প্রক্রিয়াকরণে অসমর্থতার ক্ষেত্রে অফলাইনে দরপত্র প্রক্রিয়াকরণে সংশ্লিষ্ট ক্রয়কারী কার্যালয় প্রধানের মাধ্যমে বিপিপিএ-এর অনুমোদন গ্রহণ করিবে।"

০২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ই-জিপির পরিবর্তে অফলাইনে দরপত্র প্রক্রিয়াকরণে আইনে বর্ণিত বিশেষ সুযোগ লাভের জন্য বিপিপিএ-তে পত্র প্রেরণ করছে।

০৩। বিপিপিএ বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ই-জিপি কার্যক্রমকে গতিশীল করার প্রত্যয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার পাশাপাশি ই-জিপি সংক্রান্ত যে কোন কারিগরি সমস্যার সমাধান দ্রুততম সময়ের মধ্যে নিশ্চিতকরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সরকারি ক্রয় আইন-বিধির উদ্দেশ্য পূরণকল্পে সরকারি অর্থে ক্রয় কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিতকরণে ই-জিপি পরিচালন পদ্ধতি ব্যবহারের বিকল্প নেই। সরকারি ক্রয়ে শতভাগ ই-জিপি ব্যবহারের দৃঢ় প্রচেষ্টা ও বাস্তবানুগ চেষ্টা অব্যাহত রাখতে হবে।

০৪। উপর্যুক্ত লক্ষ্য বাস্তবায়নে ই-জিপি সিস্টেমে প্রক্রিয়াযোগ্য সকল সরকারি ক্রয় আবশ্যিকভাবে ই-জিপিতে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সকল মন্ত্রণালয়, বিভাগ, ক্রয়কারী সংস্থা ও ক্রয়কারী দপ্তরসমূহকে অনুরোধ করা হচ্ছে। ব্যতিক্রমী ক্ষেত্রে কোন বিশেষ ক্রয় প্যাকেজ বা প্যাকেজসুমহ (অনুমোদিত এপিপি অনুযায়ী) ই-জিপিতে বাস্তবায়নে অসামর্থ্যতার ক্ষেত্রে বিপিপিএ'তে পত্র প্রেরণকালে জনবলের প্রশিক্ষণ এবং সংগ্রহ সম্পন্ন করে দ্রুততম কোন সময়ের মধ্যে পরবর্তী ক্রয়সমূহ ই-জিপিতে প্রক্রিয়া করা সম্ভব হবে সে সময়সীমার কথা উল্লেখ করতে হবে। প্রেরিতব্য পত্রে একাধিক প্যাকেজ অথবা কোন একটি নির্দিষ্ট সময়কালে সকল ক্রয়ের জন্য অফলাইনের অনুমতি যাচনের বিষয়ে নিরুৎসাহিত করা হচ্ছে।

০৫। সরকারি ক্রয় ই-জিপির মাধ্যমে প্রক্রিয়াকরণের লক্ষ্যে ক্রয়কারীসহ অপরাপর অংশীজনকে বিপিপিএ প্রশিক্ষণসহ সকল সহযোগিতা প্রদান করে আসছে। এ বিষয়ে কোনো সহযোগিতা প্রয়োজন হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ হারুন অর রশীদ, পরিচালক (উপসচিব), বিপিপিএ, (ফোন: ০১৭১৬৩৮১৯৬০, ইমেইল: bppadir7@bppa.gov.bd)-এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য)

*(পূর্ববর্তী পৃষ্ঠার পর)*

০৬। ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা, দক্ষতা ও জবাবদিহিতার অনুশীলন বৃদ্ধিকল্পে ইজিপির শতভাগ বাস্তবায়ন নিশ্চিতকরণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রত্যাশা করা হচ্ছে।

০৬/০৯/২০২৬

(আবু সাঈদ মোঃ কামরুজ্জামান এনডিসি)
প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)

**বিতরণ: জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২. সিনিয়র সচিব/সচিব (তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাভুক্ত সকল ক্রয়কারী সংস্থাকে অবহিতকরণের বিনীত অনুরোধসহ)

..........................................................................................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৩. সদস্য, পরিকল্পনা কমিশন, ..........................................................................শের-ই-বাংলা নগর, ঢাকা।

৪. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল)

..........................................................................................................................

নং:-২১.০০.০০০০.৩৬৩.২২.০৩০.২৪-৫১ (৫)

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (মন্ত্রী/বিপিপিএ পরিচালনা পর্ষদের সভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);

২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (মন্ত্রী/বিপিপিএ পরিচালনা পর্ষদের সিনিয়র সহসভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);

৩. সচিবের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (সচিব/বিপিপিএ পরিচালনা পর্ষদের সহসভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);

৪. প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭;

৫. অফিস কপি।

06.09.2026

(শাহ ইয়ামিন উল ইসলাম)
পরিচালক (উপসচিব)
ফোন:- ০২-৪৮১১৯৩৯৯